# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৭৯৬

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয় ও লেনদেনে সহনশীলতা

### আরবী

عَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «التَّاجِرُ الصَّدُوقُ الْأَمِينُ مَعَ النَّبِيِّينَ والصِّدِّيقين والشهداءِ» . رَوَاهُ التِّرْمِذِيّ وَالدَّارَقُطْنِيّ.

### বাংলা

২৭৯৬-[৭] আবূ সা’ঈদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সত্যবাদী, আমানতদার ব্যবসায়ী (কিয়ামতের দিন) নবী, সিদ্দীক ও শহীদদের দলে থাকবেন। (তিরমিযী, দারাকুত্বনী)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ১২০৯, দারিমী ২৫৮১, দারাকুত্বনী ২৮১৩, য‘ঈফ আল জামি‘ ২৫০১, সহীহ আত্ তারগীব ১৭৮২।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (التَّاجِرُ الصَّدُوْقُ الْأَمِيْنُ) ‘‘সত্যনিষ্ঠ ও আমানতদার ব্যবসায়ী’’ অর্থাৎ যে ব্যবসায়ী সর্বদা সত্য বলে মিথ্যার আশ্রয় নেয় না, সেই সাথে আমানতদারিতা রক্ষা করে, খিয়ানাত করে না; সে ব্যবসায়ী নাবী, সত্যবাদী ও শহীদগণের দলভুক্ত হবেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68123

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন